



# জেলা পরিষদ কার্যালয়

মাদারীপুর

www.zp.madaripur.gov.bd

স্মারক নং ৪৬.৩০.৫৪০০.০০১.৩১.০০১.২৫.০০২.১৪.২৫.১৩০

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ  
০১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ


## “জুলাই গণঅভ্যুত্থান স্মরণে আইডিয়া প্রস্তাব আহ্বান

মাদারীপুর জেলার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ৩০ জুন ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০. ০৩৯.০১৮.০০৪.২০২৫.৬১০ নং স্মারকপত্রের আলোকে জুলাই গণঅভ্যুত্থানের চেতনায় জাতি গঠনে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে “আমার চোখে জুলাই বিপ্লব” প্রতিপাদ্য নিয়ে মাদারীপুর জেলা পরিষদের আওতায় একটি আইডিয়া প্রতিযোগিতায় আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণ করার লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্ত/নিয়মাবলী পালন স্বাপেক্ষে আইডিয়া জমা প্রদান করতে পারবেন।

আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশ গ্রহণ করতে পারবেন:	আইডিয়া জমা দেওয়ার কাঠামো (মানদণ্ড):	আইডিয়া জমা দেওয়ার তারিখ ও জমা দেওয়ার স্থান:
<ul style="list-style-type: none"><li>১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণী;</li><li>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী;</li><li>যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃত সংগঠনের সদস্যগণ;</li><li>শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে;</li><li>নারী সদস্য অগ্রাধিকার পাবে;</li></ul>	<ul style="list-style-type: none"><li>১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজীতে) অবশ্যই উল্লেখ করতে হবে;</li><li>আইডিয়ার শিরোনাম;</li><li>আইডিয়ার ভূমিকা;</li><li>আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব;</li><li>আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে;</li><li>সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা;</li><li>প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness);</li><li>কাজিখত ফলাফল;</li><li>গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা</li><li>দেশীয় সাংস্কৃতির সাথে সামঞ্জস্যতা</li></ul>	<ul style="list-style-type: none"><li>আইডিয়া জমা/দাখিলের তারিখ : ০১-৮ জুলাই ২০২৫ পর্যন্ত;</li><li>প্রস্তাব মূল্যায়ন: ০৯-১১ জুলাই, ২০২৫</li><li>চূড়ান্তভাবে নির্বাচিত প্রকল্প: ১২ জুলাই ২০২৫</li><li>প্রস্তাব বাস্তবায়ন: ১৩-৩১ জুলাই ২০২৫</li><li>আইডিয়া প্রদর্শনী: ০৫ আগস্ট ২০২৫</li><li>আইডিয়া জমা/দাখিলে স্থান : জেলা পরিষদ কার্যালয়, মাদারীপুর;</li><li>মেইল নম্বর: E-mail - zpmadaripur@lgd.gov.bd</li></ul>

সম্ভাব্য আইডিয়ার উদাহরণ: ১) দেয়ালচিত্র ২) পথনাটক বা মঞ্চনাটক ৩) প্রদর্শনী/প্রামাণ্যচিত্র ৪) জনসচেতনতামূলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম ৫) উদ্যোক্তা মেলা, স্থানিক শিল্প প্রদর্শনী ৬) স্কিল কম্পিটিশন/প্রতিভা অন্বেষণ ৭) বর্জ্য-শূন্য অভিযান ৮) গ্রীন স্কুল (Green school) ক্লিন স্কুল (Clean school) কার্যক্রম ৯) জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোন ধারণা (আইডিয়া)।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের নাম, ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে), মোবাইল নাম্বার ও ই-মেইল (যদি থাকে) উল্লেখপূর্বক বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাদারীপুর বরাবরে সরাসরি হার্ডকপি অথবা ই-মেইলে পিডিএফ কপি জমা/দাখিল করতে পারবেন।


  
০১.০৭.২৫  
(মোঃ আক্তার হোসেন শাহিন)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)  
জেলা পরিষদ, মাদারীপুর

স্মারক নং ৪৬.৩০.৫৪০০.০০১.৩১.০০১.২৫.০০২.১৪.২৫.১৩০

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ  
০১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে/বহুল প্রচার করার জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। জেলা প্রশাসক, মাদারীপুর
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
- ৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য/শিক্ষা প্রকৌশল, অধিদপ্তর মাদারীপুর।
- ৪। উপপরিচালক, সমাজসেবা/মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর।
- ৫। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাদারীপুর।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মাদারীপুর।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর/শিবচর/রাউজের/কালকিনি/ডাসার উপজেলা, মাদারীপুর।
- ৮। নোটিশ বোর্ড।

  
০১.০৭.২৫  
(মোঃ আক্তার হোসেন শাহিন)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)  
জেলা পরিষদ, মাদারীপুর